সংবাদ

তারিখ 3 JUL 2003
পৃষ্ঠা ১২ কলাম ১

# খুলনা বিশ্ববিদ্যালয়ে ২ শিক্ষক বরখাস্ত

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক : উচ্চশিক্ষা গ্রহণের জন্য বিদেশে গিয়ে সময়মতো দেশে না ফেরার অভিযোগে খুলনা বিশ্ববিদ্যালয়ের ২ শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, ফিশারিজ অ্যান্ড মেরিন রিসোর্স টেকনোলজি ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক সাদিকুল আউয়াল ও সহকারী অধ্যাপক মো. আবদুল হালিম মিয়া শিক্ষা ছুটি নিয়ে উচ্চশিক্ষা লাভের জন্য অস্ট্রেলিয়া যান। নির্ধারিত সময়শেষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ওই ২ শিক্ষককে দেশে ফিরে কাজে যোগদানের নির্দেশ দিলেও তারা সে নির্দেশ অমান্য করেন বলে প্রশাসন সূত্র জানায়।

বিশ্ববিদ্যালয় সূত্রটি আরও জানায়,

বরখাস্ত : পৃঃ ২ কঃ ৫

## বরখাস্ত : ২ শিক্ষক

(১২ পৃষ্ঠার পর)

সহযোগী অধ্যাপক সাদিকুল আউয়াল কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অস্ট্রেলিয়ার নাগরিকত্ব গ্রহণ করেছেন এবং সহকারী অধ্যাপক মো. আবদুল হালিম মিয়া অস্ট্রেলিয়ার প্রচলিত আইন লঙ্ঘন করে একটি মামলায় সাজাপ্রাপ্ত হন।

খুলনা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম. আবদুল কাদির ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরি সভায় ওই ২ শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত নেয়া হয়।

খুলনা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (চলতিদায়িত্ব) মোহাম্মদ আমীর আলীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করে বুধবার বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি মোতাবেক সিন্ডিকেট সভা এ সিদ্ধান্ত নিয়েছে।

বর্তমানে খুলনা বিশ্ববিদ্যালয়ের ২শ' ৩৪ জন শিক্ষকের মধ্যে ৮৫ জন শিক্ষক বিদেশে অবস্থান করছেন। ফলে অ্যাকাডেমিক কার্যক্রম বিঘ্নিত হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।